তথ্য ও সংস্কৃতি বিষয়ক
স্থায়ী কমিটির সভা

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/

তারিখ ঃ ১৮ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ।
৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

সভার নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ১০/১২/২০২৩ ইং তারিখ বেলা ১২.০০ঘটিকায় মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্যগণকে যথা সময় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

(জেসমিন আক্তার)
কাউন্সিলর ও সভাপতি
তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি।
মানিকগঞ্জ পৌরসভা।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/
অনুলিপি ঃ-১। মাননীয় মেয়র ও সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা ।

২। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর ও সভাপতি , তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা- সদয় অবগতি ও কার্যার্থে।

৩। জনাব.....,কাউন্সিলর ও সদস্য, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা - সদয় অবগতি ও যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।

সভাপতি
তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি।

G:\Lubna\SDO.doc

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/

তারিখ ঃ ২৫ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

১০/১২/২০২৩ তারিখ অনুষ্ঠিত তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতিঃ-

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব জেসমিন আক্তার কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সভাপতি	
০২	জনাব মো,মেয়র রমজান আলী, মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ	সদস্য	
০৩	জনাব মোঃ তছলিম মিয়া কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সদস্য	
০৪	জনাব রাজিয়া সুলতানা কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সদস্য	
০৫	জনাব আবুল কালাম আজাদ কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সদস্য	
০৬	জনাব রত্না সাহা, সমাজ উন্নয়ন কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা	সহায়ক কর্মকর্তা	

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/

তারিখ ঃ ২৫ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

মানিকগঞ্জ পৌরসভার তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভার স্থান ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

সভার তারিখ ঃ ১০/১২/২০২৩খ্রিঃ

সময় ঃ বেলা ১২.০০ ঘটিকায়

সভাপতি ঃ জনাব জেসমিন আক্তার,কাউন্সিলর ও সভাপতি, তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সভায় শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মানিকগঞ্জ পৌরসভার তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার সদস্য সচিব জনার রত্না সাহা,সমাজ উন্নয়ন কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা-পৌরসভার তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যপরিধি নিয়ে আলোচনা করেন এবং কোন রুপ সংশোধন ছাড়াই গত ২৬শে সেপ্টেম্বর ২০২৩ এর কার্য বিররণী অনুমোদন করা হয়।

আলোচনা সুপারিশ ঃ

সভার উপস্থিত হয়ে সম্মানিত সভাপতি জেসমিন আক্তার বলেন, পৌরসভার উদ্যোগে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ফুটবল টুর্নামেন্ট ২০২৩ উদ্বোধন করা হয়েছে এখানে বিভিন্ন সংস্থার সাথে খেলা পরিচালিত হয়েছে । তিনি আরো বলেন, পৌরসভায় যে তথ্য ও সেবা কেন্দ্র আছে সেখানে নিয়মিত তথ্য ও সেবা প্রদান করা হয় কিনা সে বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরো বলেন,ভাষা দিবস, পহেলা বৈশাখ বিজয় মেলা সহ প্রতিটি অনুষ্ঠান আমরা অত্যন্ত ভাবগাম্ভীর্যের সহিত পালন করি।

সভায় উপস্থিত হয়ে সম্মানিত সদস্য জনাব রাজিয়া সুলতানা বলেন, পৌরসভার অধিনে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা ফুটবল টুর্নামেন্ট এখন থেকে পৌরসভার উদ্যোগে নিয়মিত চলতে থাকবে।

সভায় উপস্থিত হয়ে সম্মানিত সদস্য তছলিম মিয়া জনাব বলেন, বিনোদনের জন্য শিশুদের একটি বড় শিশু পার্ক এবং বয়স্ক লোকদের জন্য একটি বিনোদন পার্ক নির্মান করা যেতে পারে। বয়ষ্ক লোকদের শরীর ও মন যাতে ভাল থাকে, সেদিকে বিশেষ দৃষ্টি রাখা আমাদের প্রত্যেকের কর্তব্য। বয়স্ক লোকদের জন্য বিশেষ কিছু করা যায় কিনা সে বিষয় নিয়ে

আলোচনা করা হয়। তিনি আরো বলেন, পৌর শিশু পার্কটি অনেক দিন যাবত অচলবস্থায় পড়ে রয়েছে সেটি সচল করে শিশুদের বিনোদনের ব্যবস্থা করা যেতে পারে।

সভায় উপস্থিত হয়ে সম্মানিত সদস্য জনাব আবুল কালাম আজাদ বলেন, পৌর এলকায় শিক্ষার প্রসারে বিভিন্ন কাজ করা যেতে পারে দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা ভাতা প্রদান করা যেতে পারে ।

উপোরোক্ত অলোচনা গুলি দ্রুত বাস্তবায়নের বিষয়ে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

(জেসমিন আক্তার)
কাউন্সিলর ও সভাপতি
তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি।
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং মাপৌ/ প্রশা-২০২৩/
অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
২। সভাপতি,তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।
৩। জনাব..... সদস্য, তথ্য ও সংস্কৃতি কমিটি মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ।
৪। পৌরনির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
৫। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
৬। অফিস কপি।

সদস্য-সচিব

তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি।
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।

নারী উন্নয়ন বিষয়ক
স্থায়ী কমিটির সভা
সভাপতি : জনাব রাজিয়া সুলতানা
Infinix H01

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/

তারিখ ঃ ১৫ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ।
৩০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

সভার নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির একটি সভা আগামী ৬/১২/২০২৩.খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্যগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

৩০/১১/২৩

(রাজিয়া সুলতানা)
কাউন্সিলর ও সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১। মাননীয় মেয়র ও সদস্য, নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটি , মানিকগঞ্জ পৌরসভা ।
২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর ও সভাপতি,নারী উন্নয়ন,বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।
৩। জনাব.....,কাউন্সিলর ও সদস্য,নারী উন্নয়ন,বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা - সদয় অবগতি ও যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।

৩০/১১/২৩

সভাপতি
নারী উন্নয়ন,বিষয়ক স্থায়ী কমিটি।
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।

G:\Lubna\SDO.doc

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/

তারিখ ঃ ২১ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ।
৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

৬/১২/২০২৩ নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতিঃ-

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব রাজিয়া সুলতানা কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সভাপতি	
০২	জনাব মোঃ রমজান আলী,মেয়র, মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ	সদস্য	
০৩	জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সদস্য	
০৪	জনাব নাজমা আকতার কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সদস্য	
০৫	জনাব জেসমিন আক্তার কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা	সদস্য	
০৬	জনাব রত্না সাহা,সমাজ উন্নয়ন কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা	সহায়ক কর্মকর্তা	

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/

তারিখ ঃ ২১ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ।
৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

মানিকগঞ্জ পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভার স্থান ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।
সভার তারিখ ঃ ৬/১২/২০২৩খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ টা
সভাপতি ঃ জনাব রাজিয়া সুলতানা,কাউন্সিলর,৪,৫,৬নং ওয়ার্ড,মানিকগঞ্জ পৌরসভা, ও সভাপতি, নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।

সভায় উপস্থিত সম্মাণিত সদস্যবৃন্দঃ-

১। জনাব মোঃ রমজান আলী, মেয়র ও সদস্য, নারী উন্নয়ন , বিষয়ক স্থায়ী কমিটি ।

২। জনাব রাজিয়া সুলতানা ৪,৫,৬নং ওয়ার্ড,মানিকগঞ্জ পৌরসভা,সদস্য, নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটি।

৩। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস ৪নং ওয়ার্ড,মানিকগঞ্জ পৌরসভা,সদস্য, নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটি।

৪। জনাব জেসমিন আক্তার,কাউন্সিলর,৭,৮,৯নং ওয়ার্ড,মানিকগঞ্জ পৌরসভা,সদস্য, নারী উন্নয়ন , বিষয়ক স্থায়ী কমিটি

৫। জনাব নাজমা আকতার,কাউন্সিলর,১,২,৩নং ওয়ার্ড,মানিকগঞ্জ পৌরসভা, সভাপতি নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

৬। জনাব রত্না সাহা, সমাজ উন্নয়ন কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা ও সহায়ক কর্মকর্তা, নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মাননীয় মেয়র মহোদয়ের সম্মতিক্রমে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

সভার শুরুতে সদস্য সচিব, জনাব রত্না সাহা,সমাজ উন্নয়ন কর্মকর্তা বলেন, নারী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটিতে আমরা সকলে উপস্থিত হয়েছি।

উপস্থিত হয়ে সভায় সম্মানিত সভাপতি মহোদয় জনাব রাজিয়া সুলতানা বলেন, পৌরসভার ভেতরে বেশ কিছু ভাসমান মহিলা আছে তাদেরকে শহরে বিভিন্ন সময়ে ভিক্ষা করতে দেখা য়ায় কখনো ছোট অসহায় শিশু, কখনও বৃদ্ধ অসুস্থ্য লোককে ঠেলা গাড়িতে বসিয়ে ভিক্ষা করে। ফলে এসব ভিক্ষুক মহিলাদের তালিকা করে পূর্নবাসন করা যায় কিনা সে বিষয় নিয়ে আলোচনা করেন। বিভিন্ন কর্মকান্ডে নারীদের অংশগ্রহন করা দরকার। পৌরসভার বিভিন্ন কাজে নারীরা অংশগ্রহন করলে পৌরসভা নারী বান্ধাব হবে। যেসব নারীরা লেখা পড়া জানে না তারা কোন কাজে আসলে যাতে কাজটি ভালোভাবে করে যেতে পারে সেদিকে আমাদের খেয়াল রাখতে হবে।

উপস্থিত হয়ে সভায় সম্মানিত সদস্য জনাব নাজমা আকতার বলেন, পৌরসভার অধীনে সেসব দোকান আছে সেসব দোকানে মহিলাদের জন্য দোকান বরাদ্দ করা বাধ্যতা মূলক করতে হবে। সমস্ত জায়গায় নারীদের অংশ গ্রহন নিশ্চিত করতে হবে। ঠিকাদারী প্রতিষ্ঠান গুলি ও মহিলা শ্রমিকদের সকল কাজের ব্যাপারে অগ্রাধিকার দিতে হবে। তিনি আরো বলেন, মহিলাদের জন্য হাতের কাজের প্রশিক্ষন দেওয়া যেতে পারে। ব্লক, বাটিক বুটিকের প্রশিক্ষন মহিলাদের জন্য করা যেতে পারে।

উপস্থিত হয়ে সভায় সম্মানিত সদস্য জনাব আরশেদ আলী বিশ্বাস বলেন, মহিলাদের জন্য সেলাই মেশিন দেওয়ার বিষয়ে আবার ও আলোচনা করেন যেসব মহিলাদের সেলাই প্রশিক্ষন নেওয়া আছে এবং সার্টিফিকেট আছে তাদের কে সেলাই মেশিন দেওয়া যেতে পারে।

অতঃপর সভাপতি মহোদয় অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রাজিয়া সুলতানা)
কাউন্সিলর ও সভাপতি
নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটি,
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং মাপৌ/ প্রশা-২০২৩/
অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

(১) মাননীয় মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
(২) জনাব....., সভাপতি, নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটি,
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ।
(৩) জনাব....., সদস্য, নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটি,
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ।
(৪) পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
(৫) নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
(৬) অফিস কপি।

কাউন্সিলর
ও
সভাপতি
নারী উন্নয়ন, বিষয়ক স্থায়ী কমিটি,
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
মানিকগঞ্জ।
দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভা
স্থান ঃ পৌরসভার সভাকক্ষ

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com

E-mail : manikganj_municipality@yahoo.com

Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শণ
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/ তারিখ ঃ

নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ০৩/১২/২০২৩ইং তারিখ রোজ রবিবার ১০.০০ঘটিকায় মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষে অনুষ্ঠিত হবে। নিম্ন স্বাক্ষরকারী দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভায় সভাপতিত্ব করবেন।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্যগণকে যথা সময় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

(আবু মোঃ নাহিদ)
কাউন্সিলর
মানিকগঞ্জ পৌরসভা
ও
সভাপতি
দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/১৪২৩ তারিখ ঃ ২৯/১১/২০২৩

অনুলিপিঃ-

০১। মাননীয় মেয়র ও সদস্য, সংস্থাপন ও অর্থ স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা- সদয় অবগতি ও কার্যার্থে।

০২। জনাব ....., কাউন্সিলর ও সদস্য, দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা- কে অবগতি ও যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।

০৩। জনাব নিরঞ্জন কুমার সাহা, সহকারী লাইসেন্স পরিদর্শক ও সদস্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি মানিকগঞ্জ পৌরসভা- কে অবগতি ও যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো।

কাউন্সিলর
মানিকগঞ্জ পৌরসভা
ও
সভাপতি
দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শণ
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/ তারিখ ঃ

০৩/১২/২০২৩ইং তারিখ রোজ রবিবার দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থির স্বাক্ষর ঃ-

ক্রঃ নং	নাম	অফিস পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব আবু মোঃ নাহিদ	কাউন্সিলর ০৮নং সাধারণ ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা।	সভাপতি	
০২	জনাব মোঃ রমজান আলী	মেয়র	সদস্য	
০৩	জনাব জেসমিন আক্তার	কাউন্সিলর, ০৩ নং সংরক্ষিত ওয়ার্ড	সদস্য	
০৪	জনাব শায়েখ শিবলী	কাউন্সিলর, ০৬ নং সাধারণ ওয়ার্ড	সদস্য	
০৫	জনাব নাজমা আকতার	কাউন্সিলর, ০১ নং সংরক্ষিত ওয়ার্ড	সদস্য	
০৬	জনাব নিরঞ্জন কুমার সাহা	সহকারী লাইসেন্স পরিদর্শক	সদস্য সচিব	

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/ ১৫৭৮ তারিখ ঃ ১৭/১২/২০২৩

মানিকগঞ্জ পৌরসভার দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী।

০১	সভার সভাপতি	ঃ জনাব আ[illegible]মাঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, দু[illegible]গ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।
০২	সভার নাম	ঃ দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভা।
০৩	সভার তারিখ	ঃ ০৩/১২/২০২৩ খ্রি.
০৪	সভার বার	ঃ রোজ রবিবার
০৫	সভার সময়	ঃ বেলা ১০.০০ ঘটিকা।
০৬	সভার স্থান	ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

সভার উপস্থিতি (পরিশিষ্ট-ক)

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি সভার সভাপতি সভার সহায়ক কর্মকর্তাকে সভার কার্যক্রম আরম্ভ করতে অনুরোধ করেন।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী গঠন ও দৃরিকরণঃ- সহায়ক কর্মকর্তা নিরঞ্জন কুমার সাহা দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির গত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান।

সিদ্ধান্তঃ- কোনরুপ সংশোধনী ছাড়াই গত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।

<u>আলোচনা ও সিদ্ধান্ত সমুহ ঃ</u>

সভার সভাপতি বলেন আসন্ন শীত মৌসুমে যাহাতে শীতার্থদের কষ্ট না হয়, সে বিষয়ে সকলকে প্রস্তুত থাকার নির্দেশনা প্রদান। শীতার্থদের মাঝে শীত বস্ত্র/ কম্বল বিতরনের বিষয়ে সর্ব সম্মত ভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

গত ২৯/১০/২০২৩ তারিখ হতে ০৪/১১/২০২৩ তারিখ পর্যন্ত জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে এক সপ্তাহ ব্যাপি ডেঙ্গু প্রতিরোধ পরিচালনা সপ্তাহ -২০২৩ পাল করা হয়। ১৩ অক্টোবর আন্তর্জাতিক প্রশমন দিবস ২০২৩ পালন কারা হয়। দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল ''অসমতার বিরুদ্ধে লড়াই করি দুর্যোগ সহননশীল ভবিষ্যৎ গড়ি'' ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেণ।

(আবু মোঃ নাহিদ)
কাউন্সিলর
০৮নং সাধারণ ওয়ার্ড
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
সভাপতি,
দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/ ১৪৭৮ তারিখ ঃ ১৭/১১/২০২৩

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। মেয়র,মানিকগঞ্জ পৌরসভা।

০২। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। জনাব ..... সদস্য, দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।

কাউন্সিলর
০৮নং সাধারণ ওয়ার্ড
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা
সংক্রান্ত স্থায়ী কমিটির সভা

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- মাপৌস/প্রশা/ ২০২৩/

তারিখ .....

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী ঃ-

০১। সভার সভাপতি ঃ জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর ৬ নং ওয়ার্ড ও সভাপতি বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত স্থায়ী কমিটি।

০২। সভার তারিখ ঃ ২৮/১১/২০২৩ইং

০৩। সভার বার ঃ মঙ্গলবার

০৪। সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

০৫। স্থানঃ ঃ মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ

০১। জনাব, শায়েখ শিবলী, কাউন্সিলর ৬ নং ওয়ার্ড, ও সভাপতি, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং নিয়ন্ত্রণ ও ব্যবস্থপনা সম্পর্কিত স্থায়ী কমিটি।

০২। জনাব, মো: রমজান আলী, মেয়র মানিকগঞ্জ পৌরসভা ও সদস্য বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং নিয়ন্ত্রণ ও ব্যবস্থপনা সম্পর্কিত স্থায়ী কমিটি।

০৩। জনাব, নাজমা আক্তার কাউন্সিলর, ১নং সংরক্ষিত ওয়ার্ড ও সদস্য, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত স্থায়ী কমিটি।

০৪। জনাব, জেসমিন আক্তার, কাউন্সিলর, ৩নং সংরক্ষিত ওয়ার্ড ও সদস্য, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত স্থায়ী কমিটি।

০৫। জনাব, মো: আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ৪ নং ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা ও সদস্য বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি।

"আলোচনাসমূহ"

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান মানিকগঞ্জ পৌরসভা এলাকায় মানিকগঞ্জ টাউনের রাস্তাসহ বিভিন্ন রাস্তায় অস্থায়ী ভ্যান দ্বারা মালামালের পসরা সাজিয়ে যানজট সৃষ্টি করে জনসাধারনের যাতায়াতের বিঘ্ন ঘটানো হইতেছে। পৌর সুপার মার্কেটের সামনে, পৌর সুপার মার্কেটের বিভিন্ন

চলামান পাতা

গলিতে, পৌর ঔষধ সেড, চাউল সেড মুরগী সেড, কাচাবাজার সেড এর গলিতে অবৈধভাবে তেলের ড্রাম, পাষ্টিকের ক্যারেট, বস্তাসহ মালামাল স্তুপিকৃতভাবে রাখিয়া জনসাধারনের যাতায়াতের বিঘ্ন সৃষ্টি করিতেছে। যাহা মোটেও কাম্য নয়। বিষয়ে বার বার মৌখিক ভাবে তাদের বলার পরও কোন প্রকার কর্ণপাত করিতেছেন না। কাউন্সিলর মহোদয়ে আরো বলেন পৌর চাউল সেডের ভিতরে অবৈধভাবে হোটের তৈরী করা হয়েছে যে কোন সময় মার্কেটে আগুন লাগার সম্ভববনা রয়েছে। এ বিষয়ে বাস্তবিক পদক্ষেপ অতি জরুরী ভাবে নেওয়া প্রয়োজন।

জনাব, নাজমা আক্তার, কাউন্সিলর সংরক্ষিত আসন-১ মানিকগঞ্জ পৌরসভা জানান যে, মানিকগঞ্জ বাসষ্ট্যান্ডে সেন্ট্রাল স্পেশলাইজ হাসপাতালে অবৈধভাবে একটি চাইনিজ রেষ্টুরেন্ট চালু করেছেন যাহা পৌরসভা মার্কেটের জন্য বিপদজনক এবং যেকোন সময় ঘটতে পারে মারাত্মক দূর্ঘটনা। পৌর চাউল সেডের ভিতরে পশ্চিম পার্শ্বে পিটিআই ওয়াল সংলগ্ন গণপায়না নির্মান করায় মার্কেটের স্বাস্থ্যগত পরিবেশ নষ্ট হইতেছে। এমন অবস্থায় উক্ত চাউল সেডের হোটের ও পায়না বন্ধের অতি দ্রুত পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

জনাব আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর ৪ নং ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা তিনি সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ শহরে লুঙ্গিপট্টি গলিতে অবৈধভাবে কাচামাল বিক্রি, গলির দুই পাশে চকি, সেলাই মেশিন বসিয়ে রাস্তাটি সুরু করে ফেলেছে। বাজার শাখার গোবিন্দ নারায়ন সাহা ও আব্দুল লতিফ-কে দিয়ে মৌখিক বার বার তাগিদ দেওয়ার পরও উক্ত স্থান থেকে কেউ সরে যায়নি এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। তিনি আরো জানান যে, উক্ত স্থায়ী কমিটির সিদ্ধান্ত সমুহ মাসিক অধিবেশনে উপস্থাপন করা জরুরী প্রয়োজন।

জনাবা জিয়াসমিন আক্তার, কাউন্সিলর সংক্ষিত আসন-৩ ও প্যানেল মেয়র-৩ মানিকগঞ্জ পৌরসভা তিনি জানান যে, পৌর মার্কেটের ময়লা আর্বজনা জমা থাকে তাহা প্রত্যেক পরিস্কার করার প্রয়োজন।

সংরক্ষিত কাউন্সিলর জনাব নাজমা আক্তার আরো জানান বাসষ্ট্যান্ড বিভিন্ন মার্কেট গুলোর গণশৌচাগার এবং হাসপাতাল গেট সংলগ্ন গণশৌচাগার সংস্কার করে গণশৌচাগারটি আবার চালুর করার বিশেষ প্রয়োজন। নষ্ট থাকায় ইহাতে জনসাধারনের বিশেষ অসুবিধা হইতেছে এবং রাজস্ব আদায় থেকে পৌরসভা বঞ্চিত হইতেছে বিষয়ে জরুরী সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।

বাসষ্ট্যান্ড মার্কেটের সম্মুখে অস্থায়ী হকার্সগণ সবজী, ফলমূল, ইত্যাদির দোকান রাস্তার মধ্যে পসরা সাজিয়ে বসে তাহাতে জনসাধারণ ও গাড়ী চলাচলে বিঘ্ন সৃষ্টি হইতেছে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। বাসষ্ট্যান্ড বিভিন্ন মার্কেটে প্রতিটি দোকানে আলাদ আলাদা বিদ্যুতের মিটার নেওয়ার বিশেষ প্রয়োজন এ বিষয়ে জরুরী সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।

চলমান পাতা

"সিদ্ধান্ত সমূহ"

উল্লেখিত বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সমস্যাগুলি সমাধান কল্পে মাননীয় মেয়র মহোদয়সহ টিএরসিসি এর সম্মানিত সদস্য ও অন্যান্য কাউন্সিলরদের সাথে

বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত স্থায়ী কমিটি সমন্বয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিশেষে মাননীয় সভাপতি সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষন করেন।

জনাব শায়েখ শিবলী,
কাউন্সিলর ৬ নং ওয়ার্ড
ও
সভাপতি বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত স্থায়ী কমিটি

স্মারক নং- মাপৌস/প্রশা/ ২০২২/

তারিখ .....

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।
০২। নিবার্হী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৩। অফিস কপি।

সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত স্থায়ী কমিটি

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

"শেখ হাসিনার দর্শণ
বাংলাদেশের উন্নয়ন"

Web site : www.manikganjpourashava.com
E-mail : manikganj_municipality@yahoo.com
Phone No. 02-996610403/02- 996610572/02- 996610813, Mobile : 01713014393.

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/ তারিখ ঃ / /২০২৩ খ্রি.

২৮/১১/২০২৩ইং তারিখ রোজ সোমবার বার বাজার মূল্য পর্যবেক্ষণ, মণিটরিং, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিতির বিবরণ নিম্নরুপ ঃ-

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব শায়েখ শিবলী কাউন্সিলর ০৬নং সাধারণ ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।	সভাপতি	
০২	জনাব মোঃ রমজান আলী মেয়র মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।	সদস্য	
০৩	জনাব নাজমা আকতার কাউন্সিলর ০১নং সংরক্ষিত ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।	সদস্য	
০৪	জনাব জেসমিন আক্তার কাউন্সিলর ০৩নং সংরক্ষিত ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।	সদস্য	
০৫	জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস কাউন্সিলর ০৪নং সাধারণ ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।	সদস্য	
০৬	জনাব আলী আকবর রাজা কর নির্ধারক মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।	সহায়ক কর্মকর্তা	


মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
মানিকগঞ্জ।
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা
স্থান ঃ পৌরসভার সভাকক্ষ

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

এসেসমেন্ট শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/কনিশাঃ-২০২৩/১৫৬৩

তারিখ ঃ ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

"মানিকগঞ্জ পৌরসভার কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির কার্যবিবরণী"

সভাপতি ঃ জনাব মোঃ কবির হোসেন, সভাপতি, কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও কাউন্সিলর ৭ নং ওয়ার্ড মানিকগঞ্জ পৌরসভা

তারিখ ঃ ৩০ নভেম্বর, ২০২৩

রোজ ঃ বৃহস্পতিবার

সময় ঃ সকাল ১০.০০মিনিট

সভার স্থান ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ, মানিকগঞ্জ

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ঃ-

১। জনাব মোঃ রমজান আলী, মেয়র ও সদস্য, কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

২। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১ ও সদস্য, কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

৩। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২ ও সদস্য, কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

৪। জনাব মোঃ আবুল কালাম আজাদ, কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-১ ও সদস্য, কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

৫। জনাব মোঃ ইকবাল আহমেদ, কর আদায়কারী, মানিকগঞ্জ পৌরসভা

৬। জনাব আলী আকবর রাজা, কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা, কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ ঃ-

আলোচনা নং- ০১ বিগত সভার কার্যবিবরণী পাঠ

আলোচনা ঃ ১। সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি অত্র কমিটির সহায়ক কর্মকর্তা ও কর নির্ধারক জনাব আলী আকবর রাজাকে বিগত সভার কার্যবিবরনী পাঠ করার নিদের্শনা প্রদান করেন।নির্দেশিত হয়ে কর নির্ধারক বিগত ১৮ সেপ্টেম্বর ,২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

সিদ্ধান্তঃ

অতঃপর বিগত সভায় ১৮ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার গৃহীত কার্যবিবরণী শ্রবনানেন্ত উক্ত কার্যবিবরণী কোনরূপ সংশোধনী,পরিবর্তন, পরিবর্ষণ না থাকায় উক্ত সভার কার্যবিবরণী বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হলো।

আলোচনা নং ০২ঃ ঃ-

২। বীর মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ও পানির বিল মওকুফ প্রসঙ্গেঃ

স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা কর নির্ধারক জনাব আলী আকবর রাজা সভাকে জানান যে,মানিকগঞ্জ পৌর এলাকায় বসবাসরত নিম্ন লিখিত বীর মুক্তিযোদ্ধাগণ বাড়ীর হোল্ডিং কর ও পনির বিল মওকুফ করার জন্য আবেদন করেন ।

০১	বীর মুক্তিযোদ্ধা এ এস এম নূরুল আলম	গেজেট নং ২৯৯	মোঃ সামছুল হক	২৭৮/১, বান্দুটিয়া
০২	বীর মুক্তিযোদ্ধা আঃ বাছিত ভূইঁয়া	গেজেট নং ১৯৩৪	আব্দুস সামাদ ভূইঁয়া	৫১, জয়রা ব্লক-বি।
০৩	বীর মুক্তিযোদ্ধা প্রকাশ চন্দ্র গুণ	বেসামরিক গেজেট ১৯৪৯	রমেশ চন্দ্র গুণ	৬১৭, পূর্ব দাশড়া।
০৪	বীর মুক্তিযোদ্ধা ইজাজুল হোসেন খান	গেজেট নং ১৯৪৪	আরশেদ আলী খান	২৩, দক্ষিণ সেওতা।

০৫	বীর মুক্তিযোদ্ধা মৃত ছাইদার রহমান বিশ্বাস	মুক্তিযোদ্ধা নং ০১৭৬০০০৩৫১৯	ময়েজ উদ্দিন বিশ্বাস	২৮/৩, মোসলেম উদ্দিন খান সড়ক
০৬	বীর মুক্তিযোদ্ধা মোঃ সৈজদ্দিন আহমেদ	গেজেট নং ১৯৬৪	আবদুল হাকিম মোল্লা	৯৩/৬, মোসলেম উদ্দিন খান সড়ক।
০৭	বীর মুক্তিযোদ্ধা মোঃ তোফাজ্জল হোসেন খান	মুক্তিযোদ্ধা নং ০১৫৬০০০০৫৩৮	আব্দুল লতিফ খান	২৭, বাহার স্মরণী।
০৮	বীর মুক্তিযোদ্ধা মোঃ শফি উদ্দিন	বেসামরিক গেজেট নং ২৮৩	মৃত দরবেশ আলী	৩১৯, পূর্ব দাশড়া।
০৯	বীর মুক্তিযোদ্ধা মোঃ হামিদুর রহমান বকাউল	গেজেট নং ২২৫৮	আব্দুর রাজ্জাক বকাউল	২১/১, দক্ষিণ সেওতা
১০	বীর মুক্তিযোদ্ধা ড. সুলতানা রাজিয়া খানম	মুক্তিযোদ্ধা নং ০১৫৬০০০১৬৩৩	মৃত মোঃ ইব্রাহিম খান	৭০/৪, শহীদ রফিক সড়ক।
১১	বীর মুক্তিযোদ্ধা ড. এইচ.আই লুৎফর রহমান	মুক্তিযোদ্ধা নং ০১৫৬০০০১৭৩৫	আঃ লতিফ খান	২৪১, পশ্চিম দাশড়া।

আবেদনগুলো সভায় উপস্থাপন করে কর নির্ধারক জনাব আলী আকবর রাজা সভাকে অবহিত করেন যে, ০৫ নং ক্রমিক এ উপস্থাপিত বীর মুক্তিযোদ্ধা মৃত ছাইদার রহমান বিশ্বাস ২৮/৩, মোসলেম উদ্দিন খান সড়ক এলাকায় হোল্ডিং মালিক জনাব খালেকুজ্জামান খান এর শুশুর । বীর মুক্তিযোদ্ধা মৃত ছাইদার রহমান বিশ্বাস এর নামে পৌর এলাকায় কোন হোল্ডিং নেই। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত নং ঃ বীর মুক্তিযোদ্ধার নামে হোল্ডিং না থাকায় আবেদনটি গ্রহণ যোগ্য নয় বলেসুপারিশ করা হলো এবং অন্যান্য আবেদনগুলো বিস্তারিত আলোচনা করে সরকারি বিধান মোতাবেক পৌর কর ও পানির বিল মওকুফ করার সুপারিশ করা হলো।

আলোচনা নং-০৩

২। স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা পৌর কর নির্ধারক জনাব আলী আকবর রাজা সভাকে জানান যে, অন্তরবর্তী কালীন কর নির্ধারণের আওতায় ধার্যকৃত কর কমানোর জন্য আবেদন করেছেন। তিনি আবেদনপত্রগুলো সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত আবেদনগুলো উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ পর্যালোচনা করেন।

সিদ্ধান্ত ঃ-

৩। মানিকগঞ্জ পৌর এলাকায় অন্তরবর্তী কালীন কর নির্ধারনের আওতায় ধার্যকৃত কর কমানোর জন্য আবেদন গুলো আবেদনকারীর উপস্থিতিতে শুনানী গ্রহণ করে নিম্নলিখিত হোল্ডিং গুলোর কর চূড়ান্ত করা হয় ।

০১। রাকিব হাসান, পিতাঃ জিয়াউদ্দিন আহমেদ, ৪৯৬/২, বান্দুটিয়া, মানিকগঞ্জ।

০২। শিউলী খাতুন, স্বামীঃ গোলাম মোস্তফা, ০৫/২২, রমজান আলী সড়ক, মানিকগঞ্জ।

০৩। মোঃ জাকির হোসেন, পিতাঃ মোঃ মোন্নাফ মিয়া, ৪০/২, উত্তর সেওতা, মানিকগঞ্জ।

০৪। গোসাই দাস মন্ডল, পিতাঃ দেবেন্দ্র মন্ডল, ৫৩৯, বান্দুটিয়া, মানিকগঞ্জ।

০৫। মোঃ আসাদুজ্জামান জুয়েল, পিতাঃ মোঃ আইয়ুব আলী, ৮৭/৭, গঙ্গাধরপট্টি ব্লক-বি, মানিকগঞ্জ।

০৬। তাজউল ইসলাম, পিতাঃ রশীদুল হক, ৪৮/৪/৫, উত্তর সেওতা, মানিকগঞ্জ।

০৭। ডাঃ মোঃ জুলহাস উদ্দিন গং, পিতাঃ মোঃ মহসেন আলী, ৮৩, রমজান আলী সড়ক, মানিকগঞ্জ।

০৮। এজেএম আশফাকুর রহমান, পিতাঃ মৃত আব্দুল মজিদ, ০৫/১৯, রমজান আলী সড়ক, মানিকগঞ্জ।

০৯। মোঃ মজিদ মোল্লা, পিতাঃ বাচ্চু মোল্লা, ০৫/২০, রমজান আলী সড়ক, মানিকগঞ্জ।

১০। মোঃ ফজলুল হক, পিতাঃ মোঃ শফিকুর রহমান, ২৬/১, রমজান আলী সড়ক, মানিকগঞ্জ।

১১। রোজী আক্তার, পিতাঃ আবুল বাশার, ০৩/১, শহীদ গোলাম দস্তগীর টিটু সড়ক, মানিকগঞ্জ।

১২। আবুল বাশার গং, পিতাঃ মোঃ হাবিবুর রহমান, ৪৮/৪/২, উত্তর সেওতা, মানিকগঞ্জ।

১৩। গৌর চন্দ্র সরকার গং, পিতাঃ শতীশ চন্দ্র সরকার, ২৭/৫, গঙ্গাধরপট্টি ব্লক-বি, মানিকগঞ্জ।

১৪। শিবলাল দাস গং, পিতাঃ জীতেন্দ্র লাল দাস, ৭৩, শহীদ রফিক সড়ক, মানিকগঞ্জ।

১৫। শর্মিলা আচার্য্য, স্বামীঃ সুব্রত রুদ্র, ৭৩/৩৬, শহীদ রফিক সড়ক, মানিকগঞ্জ।

১৬। মোঃ আওলাদ হোসেন বিশ্বাস, পিতাঃ জসিম উদ্দিন, ২৭/৭, জয়রা ব্লক- এ, মানিকগঞ্জ।

১৭। রওশন আরা বেগম, স্বামীঃ আব্দুল কুদ্দুছ, ৩৯/২, বনগ্রাম আ/ এ, মানিকগঞ্জ।

১৮। মোঃ আবুল কালাম আজাদ, পিতাঃ মোঃ সামুদ্দিন মোল্লা, মানিকগঞ্জ।

১৯। হোসনে আরা ডলি, স্বামীঃ আবুল হোসেন, ৬৩/২ , গঙ্গাধরপট্রি ব্লক-বি, মানিকগঞ্জ।

২০। মোঃ মোতালেব হোসেন, পিতাঃ আব্দুল করিম, ৩২, শহীদ গোলাম দস্তগীর টিটু সড়ক, মানিকগঞ্জ।

২১। আব্দুল আজিজ গং, পিতাঃ মৃত বিশু বেপারী, ৮৫/৮, গঙ্গাধরপট্রি ব্লক-বি, মানিকগঞ্জ।

২২। মোঃ সোহরাব আলী, ৪৮/৪/৮, উত্তর সেওতা, মানিকগঞ্জ।

২৩। মোঃ উজ্জল হোসেন, পিতাঃ হাজী মোঃ হারুন অর রশিদ, ৩৬/৬, বনগ্রাম আ/ এ, মানিকগঞ্জ।

২৪। আবুল হোসেন বিশ্বাস হাজী, পিতাঃ মৃত আব্দুর রহমান, ১১, রমজান আলী কলেজ রোড, মানিকগঞ্জ।

২৫। রেনুয়ারা বেগম, স্বামীঃ নূরুল ইসলাম, ৩৯/১, বনগ্রাম আ/ এ, মানিকগঞ্জ।

২৬। মোহাম্মদ জাকির হোসাইন খান, পিতাঃ মোঃ ইউসুফ খান, ৪৮/৪/৩, উত্তর সেওতা, মানিকগঞ্জ।

২৭। আব্দুল আলীম, পিতাঃ মোঃ বেলায়েত হোসেন, ৩৬/১, শহীদ গোলাম দস্তগীর টিটু সড়ক, মানিকগঞ্জ।

২৮। এবিএম তোফাজ্জল হোসেন, পিতাঃ মৃত আব্দুল কাদের, ৩৪/১, শহীদ গোলাম দস্তগীর টিটু সড়ক, মানিকগঞ্জ।

২৯। আফতাব হেসেন, পিতাঃ আব্দুল খালেদ, ১৯/২,শহীদ গোলাম দস্তগীর টিটু সড়ক, মানিকগঞ্জ।

৩০। মোঃ সহিদুল রহমান মৃধা, পিতাঃ বুরহান উদ্দিন মৃধা, ৪০/৫, উত্তর সেওতা, মানিকগঞ্জ।

৩১। মোঃ বেল্লাল হোসেন খান, পিতাঃ মৃত চান মিয়া, ৪৮/৪/৪, উত্তর সেওতা, মানিকগঞ্জ।

৩২। বিষ্ণুপদ ঘোষ, পিতাঃ মৃত বিনোদ বিহারী ঘোষ, ১৪/৯, গঙ্গাধরপট্রি ব্লক-বি, মানিকগঞ্জ।

৩৩। মোঃ খোরশেদ আলম, পিতাঃ মৃত তনুর উদ্দিন, ৮৫/৬, গঙ্গাধরপট্রি ব্লক-বি, মানিকগঞ্জ।

৩৪। দিলারা বেগম, স্বামীঃ সিদ্দিকুর রহমান, ৬৩/১, গঙ্গাধরপট্রি ব্লক-বি, মানিকগঞ্জ।

৩৫। মোঃ লাল মিয়া, পিতাঃ মৃত হাজী কাজিম উদ্দিন, ২২/২, গঙ্গাধরপট্রি ব্লক-বি, মানিকগঞ্জ।

৩৬। মোঃ খলিলুর রহমান, পিতাঃ মৃত আব্দুল জলিল, ৪৪/৮, বনগ্রাম আ/ এ, মানিকগঞ্জ।

৩৭। প্রকৌশলী এসকে শফিকুল হোসেন, পিতাঃ মৃত কাজিম উদ্দিন, ২২/১/১, গঙ্গাধরপট্রি ব্লক-বি, মানিকগঞ্জ।

৩৮। গৌরী রানী শিকদার, স্বামীঃ অরবিন্দ সরকার, ৪১/৭, বনগ্রাম আ/ এ, মানিকগঞ্জ।

৩০শে সেপ্টেম্বর পর্যন্ত মোট করেরর দাবি ছিলো ৬,৪৮,২৪,৪০৫.০০(ছয় কোটি আটচল্লিশ লক্ষ চব্বিশ হাজার চারশত পাঁচ) টাকা । অক্টোবর হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মোট নতুন হোল্ডিং হয়েছে ৬৪ টি যা কর ১,২৪,২৮৬.০০(এক লক্ষ চব্বিশ হাজার দুইশত ছিআশি) টাকা এবং অন্তবর্তী কালীন কর নির্ধারণ এর আওতায় ৩৬ টি হোল্ডিং এর উপর কর ধার্য্য করা হয়েছে যার কর ২০,৪৮,৮৭৬.০০(বিশ লক্ষ আটচল্লিশ হাজার আটশত ছিয়াত্তুর) টাকা মোট ২১,৭৩,১৬২.০০ (একুশ লক্ষ তিহাত্তুর হাজার একশত বাষট্টি) টাকা। বর্তমানে পৌরকরের মূল দাবি ৬,৬৯,৯৭,৫৬৭.০০(ছয় কোটি উনসত্তুর লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত সাতষট্টি) টাকা ।

আলোচনা নং ০৪ঃ স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা পৌর কর নির্ধারক জনাব আলী আকবর রাজা সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভার রি এসেসমেন্ট ২০২৩-২০২৪ চলমান আছে। হোল্ডিং মালিকগণকে ফরম গ ও ঘ প্রেরণ করা হয়েছে। হোল্ডিং মালিকগণ ফরম ঘ পূরণ করে দাখিল করতেছেন। অপরদিকে সরজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হচ্ছে এবং কর নির্ধারণ রেজিষ্টারে তালিকা ভুক্ত করা হচ্ছে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং যথাসময়ে রি এসেসমেন্ট কাজ সম্পূর্ণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়।

সিদ্ধান্ত নং ঃ পৌরসভার রি এসেসমেন্ট সরকারি বিধি বিধানের আলোকে যথাসময়ে শেষ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হয়।

আলোচনা নং ০৫ঃ কর আদায় সম্পর্কেঃ কর আদায়কারী জনাব ইকবাল আহমেদ সভাকে অবহিত করেন যে, পৌর এলাকা সকল হোল্ডিং এ পৌর করের বিল প্রেরণ করা হয়েছে হোল্ডিং মালিকগণ ব্যাংকে পৌরকর জমা দিচ্ছেন। রিবেটসহ বিল পরিশোধের শেষ তারিখ ৩০শে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত দেয়া আছে। উক্ত রিবেটসহ পৌরকরের বিল পরিশোধের শেষ তারিখ ৩১জানুয়ারি ২০২৪ পর্যন্ত বর্ধিত করার প্রস্তাব সুপারিশ করা হলো।

সিদ্ধান্ত নং ঃ কর আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কর আদায়ের স্বার্থে প্রয়োজনে একাধিক টিম গঠণ করে বকেয়া কর আদায়ের জন্য হোল্ডিং মালিকদের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন ।

7.12.2023

(মোঃ কবির হোসেন)
কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড-৭ ও সভাপতি
কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

তারিখ ঃ ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মারক নং- মাপৌ/প্রশাঃ/সাধাঃ-২০২৩/১৫৬৩

অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
২। জনাব....., কাউন্সিলর ও সদস্য, কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
৩। জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
৪। জনাব .....

০৭/১২/২০২৩

(আলী আকবর রাজা)
কর নির্ধারক ও সহায়ক কর্মকর্তা
কর নিরুপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা।

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

এসেসমেন্ট শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ-প্রশাঃ-সাধাঃ-২০২৩-১৪০০

তারিখ ঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সভার নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ৩০ নভেম্বর, ২০২৩ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ টার সময় পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যগণকে যথা সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি ঃ-

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।

২। বীর মুক্তিযোদ্ধাদের হোল্ডিং ও পানির বিল মওকুফ প্রসঙ্গে।

৩। ধার্য্যকৃত কর চূড়ান্ত করণ ।

৪। কর আদায় বিষয়ে আলোচনা ।

৫। বিবিধ ।

(মোঃ কবির হোসেন)
কাউন্সিলর ও সভাপতি
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ-প্রশাঃ-সাধাঃ-২০২৩-১৪০০/৯(৫)

তারিখ ঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ-

১। মাননীয় মেয়র , মানিকগঞ্জ পৌরসভা - সদয় অবগতি ও সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো ।

২। জনাব....., কাউন্সিলর ও সদস্য, কর নিরূপন ও আদায় সংক্রান্ত কমিটি, মানিকগঞ্জ পৌরসভা অবগতি ও যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো ।

৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো ।

৪। জনাব ইকবাল আহমেদ, কর আদায়কারী , মানিকগঞ্জ পৌরসভা, অবগতি ও যথাসময় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো ।

স্মারক নং- মাপৌ-প্রশাঃ-সাধাঃ-২০২৩-১৪০০

তারিখ ঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

Received
28/11/23

(মোঃ কবির হোসেন)
কাউন্সিলর ও সভাপতি
কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

এসেসমেন্ট শাখা

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

৩০/১১/২০২৩ ইং তারিখে কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার উপস্থিত হাজিরাঃ-

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ রমজান আলী, মেয়র	সদস্য	
০২	নাজমা আকতার, কাউন্সিলর	সদস্য	
০৩	জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর	সদস্য	
০৪	জনাব মোঃ আবুল কালাম আজাদ, কাউন্সিলর	সদস্য	
০৫	জনাব আলী আকবর রাজা, কর নির্ধারক	সহায়ক কর্মকর্তা	

মানিকগঞ্জ পৌরসভা
বিদ্যুৎ উন্নয়ন, সড়ক বাতি স্থাপন ও ব্যবস্থাপনা
বিষয়ক স্থায়ী কমিটির সভা

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রকৌশল বিভাগ

www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/

তারিখ ঃ

১৪ নভেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত মানিকগঞ্জ পৌরসভার বিদ্যুৎ উন্নয়ন, সড়কবাতি স্থাপন ও ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভা নং	:	০৬
সভাপতি	:	জনাব তছলিম মিয়া, কাউন্সিলর ও মেয়রের প্যানেল-২, মানিকগঞ্জ পৌরসভা।
সভার স্থান	:	মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।
তারিখ	:	১৪ নভেম্বর ২০২৩ রোজ মঙ্গলবার সকাল ১১ঘটিকায়।

সভায় উপস্থিত : পরিশিষ্ট-ক

<u>আলোচনা :</u> সভার সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সহায়ক কর্মকর্তাকে পৌর এলাকার

সড়ক বাতির বর্তমান অবস্থা তুলে ধরার জন্য আহ্বান জানান।

